ইত্তেফাক

তারিখ ১৩।১।৮২
পৃষ্ঠা ... ক

376

072

## কলেজ ভবন প্রসঙ্গে

বগুড়া শহর তথা বগুড়া জেলার অন্যতম ঐতিহ্যবাহী বিদ্যাপীঠ সরকারী আজিজুল হক কলেজ। কলেজ ভবনটি দুইভাগে বিভক্ত অবস্থায় শহরের দুই উপকণ্ঠে অবস্থান করিতেছে। উভয় ভবনের মধ্যে দূরত্ব প্রায় তিন মাইল। পুরাতন ভবনে শুধুমাত্র উচ্চমাধ্যমিক ক্লাস হয়। কলেজ অফিসের যাবতীয় প্রয়োজনীয় কাজ এবং স্নাতক পর্যায়ের ক্লাস মূল (নূতন) ভবনে অনুষ্ঠিত হইয়া থাকে। কলেজ কর্তৃপক্ষের নিজস্ব কোন পরিবহন ব্যবস্থা না থাকায় দুই ভবনের মধ্যে যোগাযোগ রক্ষার ক্ষেত্রে ছাত্র/শিক্ষকদেরকে বেশ অসুবিধার সম্মুখীন হইতে হয়।

সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট আবেদন, আমাদের অসুবিধার কথা চিন্তা করিয়া পুরাতন ভবনকে মূলভবনে স্থানান্তরিত করার উপায় উদ্ভাবন এবং পুরাতন ভবনকে একটি আদর্শ সরকারী মাধ্যমিক স্কুলে পরিণত করা হউক।

এজাজ আহম্মদ (এজাজ), একাদশ (বিজ্ঞান), সরকারী আঃ হঃ কলেজ, বগুড়া।